



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, email: sbcontroller16@gmail.com

স্মারকনংঃসি/সি/প/মা/২০২৬/৯২৪


তারিখ: ০২/০৪/২০২৬খ্রি.

বিষয় : ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি)পরীক্ষা সূত্র, সুন্দর ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অসুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ও জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য করণীয় :

সূত্র : শিক্ষামন্ত্রণালয়ের নির্দেশনা:

- ১। পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে ১৪৪ ধারা বলবৎ থাকবে। তাই পরীক্ষা সংশ্লিষ্ট নয় এমন ব্যক্তির পরীক্ষা কেন্দ্রের আশে পাশে অথবা ঘোরাফেরা করা সম্পূর্ণরূপে নিষেধ।
- ২। পরীক্ষা শুরু ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।
- ৩। পরীক্ষা শুরু ৩০ মিনিট পরে কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ বা পরীক্ষা গ্রহণের অনুমতি প্রদান করা যাবে না।
- ৪। কেন্দ্র সচিব ব্যতীত পরীক্ষা কেন্দ্রে অন্য কেউ মোবাইল ফোন ও মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবেন না। কেন্দ্রের কেন্দ্র সচিব ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন/ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিবি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫। প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়ানো ব্যক্তিদের বিরুদ্ধে পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এবং সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। ২১ এপ্রিল, ২০২৬ থেকে ২১ মে, ২০২৬তারিখ পর্যন্ত সব ধরনের কোচিং সেন্টার বন্ধ থাকবে।
- ৭। পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় কোন ইলেকট্রনিক্স ডিভাইস বা মোবাইল, মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম এবং পরীক্ষা কেন্দ্রে ব্যবহারের অনুমতিবিহীন যে কোন ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার করতে পারবেনা। নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে তাত্ক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। প্রশ্নপত্র ফাঁস কিংবা পরীক্ষার্থীদের নিকট উত্তর সরবরাহে জড়িত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইন শৃঙ্খলাবাহিনী ও জেলা প্রশাসন কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করবে।
- ৯। পরীক্ষা কেন্দ্রের আশেপাশে ফটোকপি মেশিন পরীক্ষা চলাকালীন বন্ধ থাকবে।
- ১০। পরীক্ষা কেন্দ্রে বহিরাগত/অবাঞ্ছিত লোকের সমাগম ঘটলে অথবা আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটায় সম্ভাবনা দেখা দিলে তাত্ক্ষণিক স্থানীয় প্রশাসন এবং শিক্ষা বোর্ড-কে অবহিত করতে হবে।
- ১১। শিক্ষার্থী ও অভিভাবকগণ সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন মাধ্যমের গুজব থেকে বিরত থাকুন।
- ১২। ট্রেজারি/থানা/নিরাপত্তা হেফাজত হতে প্রশ্নপত্র গ্রহণ ও পরিবহণ কাজে নিয়োজিত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারীগণ কোন ফোন ব্যবহার করতে পারবেন না এবং প্রশ্নপত্র বহন কাজে কালো কাঁচযুক্ত মাইক্রোবাস বা এরূপ কোন যানবাহন ব্যবহার করা যাবে না।
- ১৩। পরীক্ষা কেন্দ্রের প্রতিটি কক্ষে বাধ্যতামূলক সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে।
- ১৪। সাদা ডায়ালের কার্টাযুক্ত দেয়াল ঘড়ি প্রতিটি পরীক্ষা কক্ষে লাগাতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


০২.০৪.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

E mail: sbcontroller16@gmail.com

প্রাপক :

- ১। সম্পাদক, দৈনিক সিলেটের ডাক/দৈনিক উত্তরপূর্ব/ দৈনিক শ্যামল সিলেট/ দৈনিক জালালাবাদ/দৈনিক কাজিরবাজার
দৈনিক খোয়াই/দৈনিক সুনীগঞ্জের খবর
- ২। আঞ্চলিক পরিচালক, সিলেট বেতার, মিরের ময়দান, সিলেট।
- ৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ টেলিভিশন, সিলেট উপকেন্দ্র, কাজীটুলা রোড, সিলেট।
- ৪। উপ পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট।

অনুলিপি :

- ১। সিস্টেম এনালিস্ট, সিলেট শিক্ষা বোর্ড। (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্তসচিব, সিলেট শিক্ষা বোর্ড।
- ৩। সংরক্ষণ নথি।